114

দৈনিক বাংলা

তারিখ ..13 DEC 1989...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৪ ...

৪/

সবার জন্য শিক্ষা

# ঢাকা সম্মেলন উল্লেখযোগ্য অবদান রাখবে : শিক্ষামন্ত্রী

(স্টাফ রিপোর্টার)

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম বলেছেন, ঢাকায় সদ্য সমাপ্ত 'সবার জন্যে শিক্ষা' শীর্ষক আঞ্চলিক সম্মেলনে মার্চে অনুষ্ঠিতব্য

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## শিক্ষামন্ত্রী

(প্রথম পৃঃ পর)

বিশ্ব সম্মেলনকে ফলপ্রসূ করে তুলতে উল্লেখযোগ্য অবদান রাখবে। সবার জন্যে শিক্ষা শীর্ষক এই বিশ্ব সম্মেলন অনুষ্ঠিত হবে থাইল্যান্ডে। থাইল্যান্ড সম্মেলনে যোগদানের জন্য প্রেসিডেন্ট এরশাদ আমন্ত্রণ পেয়েছেন।

তিনি বলেন, মানবজাতির সার্বিক উন্নয়নে শিক্ষার গুরুত্ব আজ বিশ্বব্যাপী ব্যাপকভাবে স্বীকৃত। এ উপলব্ধি থেকে বিশ্বের প্রতিটি দেশেই অগ্রাধিকার ভিত্তিতে সার্বজনীন শিক্ষার দ্রুত বিস্তার ঘটছে। মার্চে অনুষ্ঠিতব্য আন্তর্জাতিক শিক্ষা সম্মেলনে বিশ্ব থেকে নিরক্ষতা দূরীকরণের লক্ষ্যে ব্যাপক উদ্যোগ নেয়া হবে বলে তিনি উল্লেখ করেন।

সবার জন্যে শিক্ষা শীর্ষক আঞ্চলিক সম্মেলন শেষে গতকাল এক সাংবাদিক সম্মেলনে শিক্ষামন্ত্রী একথা বলেন। তিনি জানান, সবার জন্যে শিক্ষা—এই বিশ্ব শিক্ষা সনদে অন্তর্ভুক্তির জন্যে ঢাকার আঞ্চলিক সম্মেলনে সর্বসম্মতভাবে দশটি সুপারিশ গৃহীত হয়েছে। তবে অন্তর্ভুক্তির বিষয়ে থাইল্যান্ড সম্মেলনে চূড়ান্ত সিদ্ধান্ত নেয়া হবে।